



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/৩৪৭/৫/১৪২

তারিখ : ২৯ জানুয়ারি, ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ আইসিটি সেলের জন্য ডাটাএন্ট্রি অপারেটরের ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ১১০০০-২৬৫৯০/= (গ্রেড : ১৩)

আবেদনের শেষ তারিখ : ১৯ ফেব্রুয়ারি, ২০২৫

আবেদনের প্রক্রিয়া:


প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ২০০/= (দুইশত) টাকা ফি (সব ধরনের চার্জ ব্যতীত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(সৈয়দ হোসেন মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট


স্মারক নং-রেজিঃ/৩৪৭/৫/৭৪৯


তারিখ : ২৯ জানুয়ারি, ২০২৫

ডাটাএন্ট্রি অপারেটরের যোগ্যতা ও অভিজ্ঞতা

- ক) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাশ হতে হবে।
খ) সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমান গ্রেড থাকতে হবে।
গ) বেসিক কম্পিউটার দক্ষতা (ওয়ার্ড, এক্সেল ও ইন্টারনেট ইত্যাদি) থাকতে হবে।
ঘ) স্বীকৃত প্রতিষ্ঠানে ৩-৪ বছরের আইসিটি সম্পর্কিত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
ঙ) প্রার্থীকে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ বাংলা ও ইংরেজি টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০টি শব্দ গতি সম্পন্ন হতে হবে।
চ) কম্পিউটারের রক্ষণাবেক্ষণ ও দাপ্তরিক কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।


(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


২৯/০১/২০২৫